

প্রিয় সুধী,

০১ অক্টোবর ২০২৩

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর কনিষ্ঠ পুত্রের স্মরণে “শেখ রাসেল দিবস” উদযাপন উপলক্ষে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক আগামী ১৮ অক্টোবর ২০২৩ (বুধবার) বিকাল ৫.৩০ টায় কনস্যুলেট প্রাঙ্গনে কোরআন তেলাওয়াত ও গীতা পাঠ, বানী পাঠ, আলোচনা সভা, প্রামাণ্যচিত্র প্রদর্শন, শিশুদের জন্য অনুষ্ঠিতব্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সাধারণ জ্ঞান প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ এবং দোয়া মাহফিল আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়াও, ছোট শিশুদের অংশগ্রহণে সাংস্কৃতিক পরিবেশনার আয়োজন করা হবে।

উল্লেখ্য, শিশুদের জন্য গুপভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সাধারণ জ্ঞান প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা নিম্নোক্ত সময়ে অনুষ্ঠিত হবে:

চিত্রাঙ্কন/সাধারণ জ্ঞান/রচনা প্রতিযোগিতা		
তারিখ	১৫ অক্টোবর, ২০২৩ (রবিবার)	
সময়	সকাল ১১.০০ টা	
গ্রুপ-ক	বয়স: ৩- অনুর্ধ্ব ৬	চিত্রাঙ্কন প্রতিযোগিতা বিষয়: শিশুদের চোখে বাংলাদেশ
গ্রুপ-খ	বয়স: ৭- অনুর্ধ্ব ১০	
গ্রুপ-গ	বয়স: ১১- অনুর্ধ্ব ১৪	সাধারণ জ্ঞান প্রতিযোগিতা বিষয়: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শেখ রাসেল, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, বাংলাদেশ ইত্যাদি
গ্রুপ-ঘ	বয়স: ১৫- অনুর্ধ্ব ১৮	রচনা প্রতিযোগিতা (ইংরেজি/বাংলা) বিষয়: বঙ্গবন্ধু ও শেখ রাসেল নিয়ে স্মৃতিকথা
স্থান	বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং	

উক্ত চিত্রাঙ্কন, সাধারণ জ্ঞান ও রচনা প্রতিযোগিতাসহ সাংস্কৃতিক অনুষ্ঠানে আগ্রহীদেরকে আগামী ১০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে নিম্নোক্ত ই-মেইলে নাম, বয়স, ঠিকানা প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে:

mission.hongkong@mofa.gov.bd

উক্ত প্রতিযোগিতা ও দিবসটি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে নতুন প্রজন্মকে যোগ দিতে উৎসাহিত করার অনুরোধসহ আপনাকে অংশগ্রহণের জন্য সাদরে আমন্ত্রণ জানানো হচ্ছে।



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
হংকং